আজকের কাগজ

তারিখ 18 DEC 1992
পৃষ্ঠা ৬ কলাম ২

78

29

ফলো আপ

# ফেনী আলীয়া মাদ্রাসার ১৯ জনের একজনও পাশ করেনি

বাংলাদেশ মাদ্রাসা বোর্ডের অধীনে অনুষ্ঠিত ফেনী আলীয়া মাদ্রাসা কেন্দ্র থেকে আলীম ও ফাজিল পরীক্ষার ১৯টি উত্তরপত্র গত ২৯ জুলাই/৯২ একদল সশস্ত্র দুষ্কৃতকারীরা ছিনতাই করে। ছিনতাইকারীরা হল পরিদর্শক মাওলানা মোহাম্মদ উল্লাহ ও মাওলানা সোলাইমানের হাত থেকে উত্তরপত্রগুলো ছিনিয়ে নিয়েছিলো।

এদিকে গত ৬ ডিসেম্বর জুলাই-আগস্ট মাসে অনুষ্ঠিত আলীম, ফাজিল ও কামিল পরীক্ষার ফল প্রকাশের পর দেখা যায় ছিনতাইকৃত ১৯টি উত্তর পত্রের কোনো পরীক্ষার্থীই কৃতকার্য হয়নি। অথচ হল সচিব উত্তরপত্র ছিনতাই হয়ে যাওয়া পরীক্ষার্থীদের ব্যাপারে একটা বিহিত ব্যবস্থা গ্রহণ করবেন বলে উদ্বিগ্ন পরীক্ষার্থীদের প্রতিশ্রুতি দিয়েছিলেন। ১৯ জনের মধ্যে কেউই পাশ না করায় পরীক্ষার্থী, অভিভাবক ও জনমনে বিভিন্ন প্রশ্নের উদ্রেক হয়েছে। তারা জানতে চায়- এর জন্য দায়ী কে?

এদিকে একটি সূত্র জানিয়েছে, ব্যাপারটি নিয়ে মাদ্রাসা বোর্ড কর্তৃপক্ষ ইতিমধ্যেই জরুরি মিটিংয়ে বসবে এবং সিদ্ধান্ত নেবে। তবে কর্তৃপক্ষের সিদ্ধান্তের দীর্ঘ সূত্রিতার কারণে ছাত্ররা মারাত্মক বিষন্নতায় ভুগছে।

এ ব্যাপারে আজকের কাগজে গত ১৩ আগস্ট ৯২-এ "১০ দিনেও উদ্ধার হয়নি, ফেনী আলীয়া মাদ্রাসা কেন্দ্র থেকে ১৯টি উত্তর পত্র ছিনতাই" এই শিরোনামে একটি সংবাদ প্রকাশিত হয়েছিলো। ফেনী থেকে জাহিদ উল হক সেলিম।